



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)



স্মারক নং - ৩৫৭/ক/অনু:/১০(অংশ-২)/৫০১২

তারিখ : ০৭/১১/২০২৩

বিষয় : কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন "এস.আর.ডি শামছ উদ্দিন ভূইয়া স্কুল এন্ড কলেজ" এর নিয়মিত গভর্নিং বডি গঠনের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি প্রসঙ্গে।

সূত্র : ১. জনাব মো: আলমগীর ভূইয়া কর্তৃক দাখিলকৃত রীটপিটিশন নং : ৬১২১/২০২৩।

২. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং ৩৫৭/ক/অনু:/১০(অংশ-২)/৫০০২ তারিখ : ১৯/০৭/২০২৩ এ গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন "এস.আর.ডি শামছ উদ্দিন ভূইয়া স্কুল এন্ড কলেজ" এর নিয়মিত গভর্নিং বডি গঠনের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির বিষয়ে সত্যতা যাচাইয়ের লক্ষে জনাব মো: আলমগীর ভূইয়া কর্তৃক রীটপিটিশন নং : ৬১২১/২০২৩ দাখিল করা হয়। উক্ত রীটপিটিশন এর প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির প্রতিবেদনে প্রতীয়মান হয় অত্র প্রতিষ্ঠানের বোর্ড কর্তৃক ১১/০৯/২০২২ তারিখের অনুমোদিত গভর্নিং বডি গঠনে বিধির কোন ব্যত্যয় ঘটেনি। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে আরো ০৪ টি সুপারিশ -

- ১। প্রতিষ্ঠানটি কলেজ শাখায় উন্নীত হওয়ায় আগামী ০৬ মাসের মধ্যে যথাযথ বিধি বিধান অনুসরণ পূর্বক অধ্যক্ষ নিয়োগ করে ঢাকা শিক্ষা বোর্ড কে অবহিত করা।
- ২। প্রতিষ্ঠানের গভর্নিং বডিতে বিধি বিধান অনুসরণ পূর্বক দাতা সদস্য সংগ্রহ করা।
- ৩। জরুরী ভিত্তিতে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক অডিট করা।
- ৪। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান "আয় ও ব্যয়" বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪০৫.২২.১৬১ তাং ৩১/০৭/২০২৩ প্রকাশিত নীতিমালা যথাযথভাবে অনুসরণসহ প্রতিষ্ঠানের সকল ধরনের আয় ও ব্যয় প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করা।

মোতাবেক পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য তদন্ত প্রতিবেদনে মতামত/সুপারিশ যাই থাকুক না কেন সংশ্লিষ্ট বিষয়ে মহামান্য আদালতের রায়ই বলবৎ যোগ্য হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর আবু তালেব মো: মোয়াজ্জেম হোসেন  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি, গভর্নিং বডি,

এস.আর.ডি শামছ উদ্দিন ভূইয়া স্কুল এন্ড কলেজ (EIN-110292)

হোসেনপুর, কিশোরগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। অধ্যক্ষ, এস.আর.ডি শামছ উদ্দিন ভূইয়া স্কুল এন্ড কলেজ  
হোসেনপুর, কিশোরগঞ্জ।
- ২। জনাব মো: আলমগীর ভূইয়া